

জেলা পরিষদ কার্যালয়
সিরাজগঞ্জ

www.zpsirajganj.gov.bd

USED (all)
বঙ্গবন্ধু স্মরণে
১৫ই
২০/১০/২০২৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- জেপসি/০১-০৯/২০১৯-২০২০/২৬৪


তারিখ : ০৯/০৩/২০২৩ খ্রি.

বৃত্তি প্রদানের বিজ্ঞপ্তি নং-০৪/২০২২-২০২৩

সিরাজগঞ্জ জেলা পরিষদের ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেট বরাদ্দের আওতায় এককালীন শিক্ষা সহায়ক বৃত্তি প্রদানের লক্ষ্যে শুধুমাত্র ২০২১ সনে এইচ.এস.সি ও সমমান পরীক্ষায় উত্তীর্ণ গরীব ও মেধাবী এবং সরকার কর্তৃক অনুমোদিত যেকোন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থীদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তে নির্ধারিত ফরমে আগামী ০৬/০৪/২০২৩ খ্রি. তারিখের মধ্যে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলী :

১. বৃত্তির আবেদন ফরম জেলা পরিষদ, সিরাজগঞ্জ এর অফিস ও www.zpsirajganj.gov.bd ওয়েব এড্রেসে পাওয়া যাবে।
২. আবেদনকারীকে অবশ্যই সিরাজগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। স্থায়ী বাসিন্দার প্রমাণস্বরূপ সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র এবং জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
৩. এস.এস.সি ও এইচ.এস.সি/সমমান পরীক্ষার নম্বর পত্রের সত্যায়িত কপি এবং সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত ছবি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
৪. উভয় পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারীর বিজ্ঞান বিভাগে জিপিএ-৪.৭৫, বাণিজ্যিক বিভাগে জিপিএ-৪.৫০ এবং মানবিক বিভাগে জিপিএ-৪.২৫ গ্রেড পয়েন্ট থাকতে হবে।
৫. মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পৌত্র-পৌত্রী/দৌহিত্র-দৌহিত্রী ও প্রতিবন্ধী প্রার্থীদের উভয় ক্ষেত্রে সর্বনিম্ন জিপিএ-৪.০০ থাকতে হবে। এক্ষেত্রে সরকারের সর্বশেষ প্রজ্ঞাপন অনুসারে মুক্তিযোদ্ধা/প্রতিবন্ধী সনদপত্র দাখিল করতে হবে।
৬. ব্যবসা/কৃষি/অন্যান্য উৎস হিসাবে পরিবারের সর্বমোট বার্ষিক আয়ের পরিমাণ উল্লেখ করে মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদপত্র আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।
৭. আবেদনকারীর পিতা-মাতা/অভিভাবক চাকুরিজীবী হলে সংশ্লিষ্ট অফিস প্রধান কর্তৃক প্রদত্ত মূল বেতনের প্রত্যয়ন পত্র জমা দিতে হবে।
৮. অন্য কোন প্রতিষ্ঠান/সংস্থা থেকে বৃত্তি প্রাপ্তগণ আবেদনের যোগ্য হবেন না। আবেদনকারী অন্য কোন প্রতিষ্ঠান/সংস্থা থেকে বৃত্তি প্রাপ্ত নন মর্মে লিখিত ঘোষণা প্রদান করবেন এবং ঘোষণা মিথ্যা প্রমাণিত হলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
৯. প্রয়োজনে বিস্তারিত তথ্যাদি জেলা পরিষদ, সিরাজগঞ্জ কার্যালয় থেকে জানা যাবে।
১০. কর্তৃপক্ষ যে কোন শর্ত সংযোজন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।



(মোহাম্মদ তোফাজ্জল হোসেন)
প্রধান নির্বাহী কর্মকর্তা (অঃদাঃ)
ফোন : ০২৫৮৮৮-৩১৩২৫
Email : zpsirajganj@lqd.gov.bd

স্মারক নং- জেপসি/০১-০৯/২০১৯-২০২০/২৬৪(১০০)

তারিখ : ০৯/০৩/২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে জন্য প্রেরণ করা হলো :

- ০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
- ০৩। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী
- ০৪। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ
- ০৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ,(সকল)
- ০৬। মেয়র, পৌরসভা, সিরাজগঞ্জ
- ০৭। উপজেলা নির্বাহী অফিসার,(সকল), সিরাজগঞ্জ
- ০৮। জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ (তাকে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বিজ্ঞপ্তি বহুল প্রচারের জন্য অনুরোধসহ)
- ০৯।



(মোহাম্মদ তোফাজ্জল হোসেন)

প্রধান নির্বাহী কর্মকর্তা (অঃদঃ)

ফোন : ০২৫৮৮৮-৩১৩২৫

Email : zpsirajganj@lqd.gov.bd



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়
সিরাজগঞ্জ

Email:-deosirajganj2021@gmail.com
Web:-deo.sirajganj.gov.bd




স্মারক নং-জেসিঅ/সিরাজ/২০২২/ ১৭৩

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :

- ১-৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), সিরাজগঞ্জ-তাকে পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- ১০। অফিস নথি।

তারিখ: ২২/০৩/২০২৩ খ্রি:



(কাজি সলিম উল্লাহ)

জেলা শিক্ষা অফিসার

সিরাজগঞ্জ

